

📃 আস-সাফফাত | As-Saffat | الصيَّافَّات

আয়াতঃ ৩৭: ৭৭

💵 আরবি মূল আয়াত:

وَ جَعَلْنَا ذُرِّيَّتَهُ هُمُ البَّقِينَ ﴿٧٧﴾

🗚 অনুবাদসমূহ:

আর তার বংশধরদেরকেই আমি অবশিষ্ট রেখেছিলাম, — আল-বায়ান
আর তার বংশধরদেরকেই আমি বংশানুক্রমে বিদ্যমান রাখলাম। — তাইসিরুল
তার বংশধরদেরকেই আমি বিদ্যমান রেখেছি বংশ পরম্পরায়। — মুজিবুর রহমান

And We made his descendants those remaining [on the earth] — Sahih International

৭৭. আর তার বংশধরদেরকেই আমরা বিদ্যমান রেখেছি (বংশপরম্পরায়)(১),

(১) ইবনে আব্বাস বলেন, এর অর্থ শুধু নূহের সন্তানরাই অবশিষ্ট ছিল। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

(৭৭) তার বংশধরদেরকেই আমি অবশিষ্ট রেখেছি; [1]

[1] অধিকাংশ মুফাসসিরীনদের মতে নূহ (আঃ)-এর অবশিষ্ট বংশধর বলতে তাঁর তিনটি সন্তান ছিল; হাম, সাম ও ইয়াফেস। মানুষের পরবর্তী জন্মধারা তাদের থেকেই চলে আসছে। যার জন্য নূহ (আঃ)-কে দ্বিতীয় আদম বলা হয়। অর্থাৎ আদম (আঃ)-এর মত, আদম (আঃ)-এর পর তিনি দ্বিতীয় মানব-পিতা। সামের বংশ থেকে আরব, পারসীক, রোম এবং ইয়াহুদী ও নাসারার জন্ম। হামের বংশ থেকে সুডান (পূর্ব থেকে পশ্চিম পর্যন্ত) অর্থাৎ সিন্ধী, ভারতীয়, (দক্ষিণ মিসরের) নূবী, (আফ্রিকার) নিগ্রো, হাবশী, ক্বিবত্বী এবং বর্বর ইত্যাদি হয়েছে এবং ইয়াফেসের বংশ থেকে (বুলগারিয়ার) স্বাক্লালিবা, (তুর্কিস্তানের) তুর্কী, খাযার এবং ইয়া'জুজ-মা'জুজ ইত্যাদি জাতির জন্ম হয়েছে। (ফাতহুল ক্লাদীর) (এ ব্যাপারে কোন সঠিক প্রমাণ নেই।)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3865

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন